গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

# জেডিপিসি'র ডিসেম্বর, ২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মাহমুদ হোসেন<br>অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | জেডিপিসি'র সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ১২-১২-২০২২ খ্রিঃ, বিকাল ০৩:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ **পরিশিষ্ট-'ক'**।

২। সভার শুরুতে সভাপতি জেডিপিসি'র সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩। আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.১ | **জেডিপিসি'র অক্টোবর ও নভেম্বর, ২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।** | অক্টোবর এবং নভেম্বর, ২০২২-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এ বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | জেডিপিসি'র অক্টোবর এবং নভেম্বর, ২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| ৩.২ | **প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের সৌন্দর্য বৃদ্ধি এবং আধুনিকায়নের প্রয়োজনীয় ব্যবস্থা।** | পরিচালক (এমআরপি) সীমা বোস অধরা জানান, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের বিক্রয় অযোগ্য পণ্যসমূহ উদ্যোক্তাদের ফেরৎ প্রদান/clearance sale-এর মাধ্যমে সমাপ্ত করার প্রক্রিয়া শেষ পর্যায়ে রয়েছে।<br><br>সভাপতি প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের বিক্রয় অযোগ্য পণ্যসমূহ ৩১শে ডিসেম্বর, ২০২২-এর মধ্যে উদ্যোক্তাদের ফেরৎ প্রদান/clearance sale-এর মাধ্যমে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের বিক্রয় অযোগ্য পণ্যসমূহ ৩১শে ডিসেম্বর, ২০২২-এর মধ্যে উদ্যোক্তাদের ফেরৎ প্রদান/clearance sale-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br>জনাব সীমা বোস অধরা<br>পরিচালক (এমআরপি)<br>ও<br>জনাব জাফর সাদেক<br>ম্যানেজার অপারেশন<br>প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র |
| ৩.৩ | **ই-নথি কার্যক্রম।** | ব্যক্তিগত কর্মকর্তা জনাব হান্নান মিয়াজী জানান, জেডিপিসিতে প্রাপ্ত পত্রসমূহ যথানিয়মে মার্কিং হওয়ার পর ই-নথিতে উপস্থাপন করা হলে ই-নথির কার্যক্রম প্রায় ৮৫% সম্পন্ন হবে।<br><br>সভাপতি প্রাপ্ত পত্রসমূহ ই-নথির মাধ্যমে উপস্থাপন করে কার্যক্রমের ধারা অব্যাহত রাখার পরামর্শ দেন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী ৮৫% কার্যক্রম ই-নথিতে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br>জনাব আবদুল হান্নান মিয়াজী<br>ব্যক্তিগত কর্মকর্তা |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৪ | জেডিপিসিতে প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/ দর্শনার্থীদের তথ্য সংরক্ষণ। | ম্যানেজার অপারেশন জনাব মোঃ জাফর সাদেক জানান, আগত ক্রেতা/দর্শনার্থীগণ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের সেবা সম্পর্কে প্রশংসা করেন এবং ডিজাইন সমৃদ্ধ বহুমুখী পাটপণ্য প্রদর্শন করার জন্য ক্রেতা/দর্শনার্থীগণ পরামর্শ প্রদান করেন।<br><br>এ প্রসংগে সভাপতি বলেন, প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে প্রতিমাসে যে সকল ক্রেতা/দর্শনার্থীগণ আগমন করেন তাদের লিপিবদ্ধকৃত মতামত সভায় উপস্থাপন করতে হবে। প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটি অকার্যকর অবস্থায় রয়েছে বিধায় কমিটির আহবায়ক কর্তৃক জরুরী ভিত্তিতে সভা আহবান করার নির্দেশনা প্রদান করেন। | ১। প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে আগত ক্রেতা/দর্শনার্থীদের মন্তব্য/মতামত লিপিবদ্ধ অব্যাহত থাকবে এবং প্রাপ্ত মতামতের ওপর সার-সংক্ষেপ প্রতি সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২। প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির আহবায়ক কর্তৃক জরুরী ভিত্তিতে সভা আহবান করতে হবে। |
| ৩.৫ | উদ্যোক্তা নিবন্ধন সংক্রান্ত। | পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া জানান, উদ্যোক্তাদের জেলা ভিত্তিক পুরুষ এবং নারীর তালিকা প্রস্তুত করা হয়েছে। উদ্যোক্তাদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সকলের তথ্য প্রাপ্তির পর তালিকা তৈরিপূর্বক উপস্থাপন করা হবে।<br><br>সভাপতি সক্রিয় এবং নিষ্ক্রিয় উদ্যোক্তাদের পৃথক তালিকা প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া জেলা ভিত্তিক পুরুষ, নারী, সক্রিয় এবং নিষ্ক্রিয় উদ্যোক্তাদের তালিকা প্রস্তুতপূর্বক স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করার পরামর্শ দেন। | ১। সক্রিয় ও নিষ্ক্রিয় উদ্যোক্তাদের পৃথক তালিকা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২। জেলা ভিত্তিক পুরুষ, নারী, সক্রিয় এবং নিষ্ক্রিয় উদ্যোক্তাদের তালিকা প্রস্তুতপূর্বক স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ সৈয়দ জাকারিয়া ব্যক্তিগত কর্মকর্তা |
| ৩.৬ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেইনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম বলেন, ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে ২য় কোয়ার্টারের কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন করা হচ্ছে।<br><br>সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুসারে কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে ২য় কোয়ার্টারের কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নেঃ<br>জনাব মোজাহিদুল ইসলাম<br>মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ |
| ৩.৭ | Raw Material Bank (RMB) | জেইএসসি ঢাকা-এর সেন্টার-ইন-চার্জ জনাব ইসতিয়াক আহমেদ বলেন, RMB কর্তৃক বিভিন্ন রং এর ফেব্রিক্স সরবরাহ করা হচ্ছে। ফেব্রিক্স ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী পরিপালন করা হচ্ছে। তবে অন্যান্য জেইএসসিতে RMB খোলা প্রয়োজন।<br><br>এ প্রসংগে সভাপতি বলেন, RMB-এর সংখ্যা বাড়ানোর ক্ষেত্রে ফেব্রিক্স-এর চাহিদার পরিমাণ নিরুপণ করা প্রয়োজন। ফেব্রিক্স-এর চাহিদার ভিত্তিতে RMB-এর সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে। | RMB এর সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে ফেব্রিক্সের চাহিদার পরিমান নিরূপণ করতে হবে। চাহিদার ভিত্তিতে RMB এর সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩.৮ | জেডিপিসি'র সংক্ষিপ্ত পরিচিতি। | পার্সোনাল অফিসার সৈয়দ জাকারিয়া জানান, জেডিপিসি'র সংক্ষিপ্ত পরিচিতি সংক্রান্ত রাইট-আপ প্রস্তুত করা হয়েছে। | জেডিপিসি'র সংক্ষিপ্ত পরিচিতি সংক্রান্ত রাইট-আপটি প্রস্তুতপূর্বক উপস্থাপন করতে হবে। |
| ৩.৯ | বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় সাশ্রয়করণ। | সভাপতি জানান, বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে কেবলমাত্র দাপ্তিরিক কাজে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ অনুসরণ করতে হবেঃ<br>১। বিদ্যুৎ ব্যয় ৩০% এবং জ্বালানি খাতে মোট বাজেটের কমপক্ষে ২৫% হ্রাস করতে হবে।<br>২। অফিসে প্রয়োজনের অতিরিক্ত বাতি, ফ্যান, এ/সি ইত্যাদি বন্ধ রাখতে হবে।<br>৩। গাড়ি ব্যবহারের সংখ্যা যথাসম্ভব হ্রাস করতে হবে।<br>৪। কর্মকর্তা/কর্মচারীগণ অফিস কক্ষ ত্যাগ করার পূর্বে আবশ্যিকভাবে কক্ষের লাইট, ফ্যান, এসি, কম্পিউটার (যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি) বন্ধ করবেন। | ১। বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বিদ্যুৎ ও জ্বালানী খাতে কমপক্ষে ২৫%-৩০% ব্যয় হ্রাস করতে হবে।<br>২। কেবলমাত্র দাপ্তরিক কাজে নির্বাহী পরিচালক এর পূর্বানুমোদন সাপেক্ষে গাড়ী ব্যবহার করা যাবে। |
| ৩.১০ | বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি)'র কার্যক্রম। | সভাপতি জেইএসসি'র কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকল সেন্টার-ইন-চার্জদের বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার এবং ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণের পরামর্শ দেন। | জেইএসসি'র কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকল সেন্টার-ইন-চার্জদের বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার এবং ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। |
| ৩.১১ | প্রশিক্ষণ সংক্রান্ত। | টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেইনিং এক্সিকিউটিভ জনাব মোঃ জাহাঙ্গির আলম জানান, Need based প্রশিক্ষণের উপযোগী নতুন মডিউল তৈরির কার্যক্রম চলমান রয়েছে। | Need based বাস্তবভিত্তিক প্রশিক্ষণ প্রদানের উপযোগী নতুন মডিউল যথাশীঘ্র সম্ভব প্রণয়ন করতে হবে। |

৪। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/১২/২০২২

(মোঃ মাহমুদ হোসেন)<br>
অতিরিক্ত সচিব<br>
ও<br>
নির্বাহী পরিচালক, জেডিপিসি<br>
ফোন-৪৮১২২২৩৭